

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৭/০৪ অক্টোবর ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.২২৪—বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা, বাংলাদেশ সরকারের প্রধান আইন পরামর্শক এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টে সরকারের প্রধান আইনজীবী জনাব মাহবুবে আলম গত ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ)-এ চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইম্মালিগ্লাহি... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর।

২। অ্যাটর্নি-জেনারেল জনাব মাহবুবে আলম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৩ আশ্বিন ১৪২৭/২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(৯৮৫৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৩ আশ্বিন ১৪২৭
ঢাকা : ২৮ সেপ্টেম্বর ২০২০

বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা, বাংলাদেশ সরকারের প্রধান আইন পরামর্শক এবং বাংলাদেশ সুপ্রিম কোর্ট সরকারের প্রধান আইনজীবী জনাব মাহবুবে আলম গত ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ)-এ চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইমালিগ্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর।

জনাব মাহবুবে আলম ১৯৪৯ সালের ১৭ ফেব্রুয়ারি তারিখে মুন্সিগঞ্জের লৌহজং উপজেলার মৌছামন্দা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে সন্মানসহ স্নাতক এবং ১৯৬৯ সালে লোক প্রশাসন বিষয়ে স্নাতকোত্তর হন। ১৯৭২ সালে তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে এলএলবি ডিগ্রি অর্জন করেন। পরে, ১৯৭৯ সালে ভারতের নয়াদিল্লিতে সংবিধান ও সংসদীয় গবেষণা ইনস্টিটিউট থেকে সাংবিধানিক আইন ও সংসদীয় প্রতিষ্ঠান ও পদ্ধতির ওপর দুটি ডিপ্লোমা সম্পন্ন করেন জনাব মাহবুবে আলম।

বর্গাঢ্য কর্মজীবনে জনাব মাহবুবে আলম ১৯৭৩ সালে একজন আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিলে নিবন্ধিত হন এবং পেশাগত জীবন শুরু করেন। ১৯৭৫ সালে বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগে তিনি আইনচর্চা শুরু করেন এবং ১৯৮০ সালে আপিল বিভাগের আইনজীবী হন। ১৯৯৩-৯৪ সালে তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৯৯ সালে জনাব মাহবুবে আলমকে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী হিসাবে তালিকাভুক্ত এবং ২০০৪ সালে বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য পদে নিযুক্ত করা হয়। তিনি ২০০৫-০৬ সালে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি নির্বাচিত হন। এছাড়া, জনাব মাহবুবে আলম ১৯৯৮ থেকে ২০০১ সাল পর্যন্ত অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল হিসাবে প্রজ্ঞা ও দক্ষতার সঞ্চে দায়িত্ব পালন করেন।

২০০৯ সালের ১৩ জানুয়ারি তারিখে রাষ্ট্রের ১৫তম সর্বোচ্চ আইন কর্মকর্তা হিসাবে নিযুক্ত হন জনাব মাহবুবে আলম। দেশের ইতিহাসে সবচেয়ে বেশি সময়, অর্থাৎ ১১ বছর ধরে উক্ত পদে অধিষ্ঠিত থেকে মৃত্যুর পূর্ব পর্যন্ত এই গুরুত্বপূর্ণ দায়িত্ব অত্যন্ত বিচক্ষণতা ও কর্তব্যনিষ্ঠার সঞ্চে পালন করে গেছেন বিশিষ্ট এই আইনবিদ। তাঁর পেশাদারিত্ব ও সুতীক্ষ্ণ যুক্তিবোধ সর্বক্ষেত্রেই তাঁকে একজন সফল আইনবেত্তা হিসাবে সুপ্রতিষ্ঠিত করেছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যা মামলা; সংবিধানের পঞ্চম, সপ্তম ও ত্রয়োদশ সংশোধনী মামলা; সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিল মামলাসহ রাষ্ট্রের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ মামলায় রাষ্ট্রের পক্ষে মামলা পরিচালনায় অনবদ্য ও কার্যকর ভূমিকা পালন করেন খ্যাতিমান এই আইনবিদ।

জনাব মাহবুবে আলম ছিলেন একজন জ্ঞানী ও প্রখর বিশ্লেষণ-ক্ষমতাদীপ্ত আইনজীবী। তাঁর কর্মনিষ্ঠা ও দায়িত্ববোধ আইনজীবী হিসাবে তাঁকে এক অনন্য উচ্চতায় প্রতিষ্ঠিত করেছিল। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক আদর্শের প্রতি জনাব মাহবুবে আলমের ছিল প্রগাঢ় আস্থা ও শ্রদ্ধাবোধ।

ব্যক্তিজীবনে জনাব মাহবুবে আলম একজন বিনয়ী ও বিনয় ব্যক্তি হিসাবে সমধিক পরিচিত ছিলেন। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও সন্তোষ।

জনাব মাহবুবে আলম-এর মৃত্যুতে দেশ একজন অভিজ্ঞ, প্রজ্ঞাবান ও নির্ভরযোগ্য আইনজীবীকে হারাল।

মন্ত্রিসভা অ্যাটর্নি-জেনারেল জনাব মাহবুবে আলমের পেশাগত অবদান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। মন্ত্রিসভা জনাব মাহবুবে আলম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে মরহমের রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।